# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমান]

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা

**পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | আনিস মাহমুদ (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন। |
| সময় ও তারিখ | : | ০৪.১০.২০২০ খ্রি., সকাল ১০ : ০০ টা |
| স্থান | : | ইসলামিক ফাউন্ডেশনের সভাকক্ষ, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট 'ক' তে সংযোজিত। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান । পবিত্র কুরআন থেকে তিলাওয়াত করেন আইসিটি বিভাগের সহ-সম্পাদক জনাব মোঃ ফখরুল আলম । সভাপতির অনুমতিক্রমে দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক জনাব মোঃ আনিছুর রহমান সরকার সভায় কর্মপত্র উপস্থাপন করেন।

২। **আলোচনা :**

দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক মোঃ আনিছুর রহমান সরকার সভাকে অবহিত করেন যে, চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১২ রবিউল আওয়াল ১৪৪২ হিজরি, ১৪ কার্তিক ১৪২৭ বঙ্গাব্দ, ৩০ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ শুক্রবার মহানবী হযরত মুহাম্মদ (সা.) এর পৃথিবীতে আগমন ও পৃথিবী হতে বিদায়ের দিন পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উদযাপিত হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৩ সালে সর্বপ্রথম রাষ্ট্রীয়ভাবে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) পালন করেন। ইসলামিক ফাউন্ডেশন প্রতিষ্ঠার পর হতে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে পক্ষকালব্যাপী অনুষ্ঠানের আয়োজন করা হয়ে আসছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর ১৬.০০.০০০০.০০১.২৩.০০৪.১৭(অংশ-২) তারিখঃ ০৫ অক্টোবর ২০২০ এর মাধ্যমে কোভিড-১৯ ভাইরাস সংক্রমণ পরিস্থিতিতে ইসলামী বইমেলা ও ইসলামী ক্যালীগ্রাফী প্রদর্শনী, শিশু সমাবেশ ও র‍্যালী এবং বুদ্ধি প্রতিবন্ধি ও অটিস্টিক ছেলেমেয়েদের মধ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন না করার এবং অন্যান্য কর্মসূচি যথাসম্ভব জুম - এর মাধ্যমে অনলাইন ভিত্তিক বা ইলক্ট্রনিক মিডিয়া/প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সামাজিক দূরত্ব পালনসহ সকল স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণের শর্তে আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি এ বিষয়ে সভায় উপস্থিত সকলকে মতামত প্রদানের আহবান জানালে নিম্নরূপ আলোচনা অনুষ্ঠিত হয়।

৩। **উদ্বোধনী অনুষ্ঠান :**

পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযাপন উপলক্ষে আয়োজিত পক্ষকাল ব্যাপী অনুষ্ঠানমালার উদ্বোধনী অনুষ্ঠান ১১ রবিউল আওয়াল সুবিধাজনক সময়ে ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে আয়োজনের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ অংশগ্রহণের জন্য বিনীত আবেদন জানানো হয়। এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা ও অনুমোদনের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে দ্রুত প্রস্তাব প্রেরণের উপর গুরুত্বারোপ করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের দাওয়াত কার্ড এর ডিজাইন আরো সমৃদ্ধ করে নমুনা কপি উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি পাওয়া ইমাম প্রশিক্ষণ একাডেমীর সম্মেলন কক্ষে উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন এবং কক্ষটিকে উক্ত অনুষ্ঠানের উপযোগী করার বিষয়ে ঐক্যমত প্রতিষ্ঠিত হয়।

(চলমান পৃ:/২)

৪।  **ওয়াজ মাহ্ফিল :**

ইতোপূর্বে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে ১৫ দিন ব্যাপী বাদ মাগরিব ও বা ইশা দেশের বরেণ্য ও বিশিষ্ট আলেমদের ওয়াজ অনুষ্ঠিত হতো। বর্তমান কোভিড-১৯ সংক্রমণ পরিস্থিতিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্রের আলোকে Zoom Apps ব্যবহার করে দেশের বিশিষ্ট আলেমদের ওয়াজের আয়োজন করা যেতে পারে। দেশের অধিকতর অভিজ্ঞ ও প্রসিদ্ধ আলেমদের তালিকা প্রস্তুত করে এবং মহানবীর (সা.) এর জীবন ভিত্তিক বিষয়ে তাঁদের ওয়াজ লাইভে Zoom Apps সহ Facebook ও Youtube প্রচার করা যেতে পারে। এছাড়া ইলেকট্রনিক মিডিয়ায় লাইভ/রেকর্ডেড ওয়াজ সম্প্রচারের বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্বারোপ করা হয়। অনুষ্ঠানের Promo তৈরি করে Face Book, YouTube এবং বিভিন্ন TV Channel এর মাধ্যমে প্রচার করার অভিমত ব্যক্ত করা হয়। আগারগাওস্থ স্টুডিওতে লাইভ সম্প্রচার এবং প্রয়োজনবোধে রেকর্ড করার বিষয়ে সভায় ঐক্যমত প্রতিষ্ঠিত হয়। বায়তুল মোকাররম জাতীয় মসজিদের সম্মেলন কক্ষে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সীমিত সংখ্যক দর্শকের উপস্থিতিতে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শনের অভিমত ব্যক্ত করা হয়।

৫।  **বাংলাদেশ বেতারের সাথে সেমিনার আয়োজন :**

পূর্বের ন্যায় বাংলাদেশ বেতারের সাথে যৌথভাবে সাত দিন ব্যাপী সেমিনার অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা হয়। বায়তুল মোকাররম জাতীয় মসজিদের সম্মেলন কক্ষে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সীমিত সংখ্যক দর্শকের উপস্থিতিতে অনুষ্ঠান ধারণ করতঃ বাংলাদেশ বেতারে সম্প্রচারের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।

৬।  **ক্বিরাত মাহ্ফিল, হাম-নাত মাহ্ফিল ও স্বরচিত কবিতা পাঠের আসর :**

ক্বিরাত মাহ্ফিল, হাম-নাত মাহ্ফিল ও স্বরচিত কবিতা পাঠের আসর Zoom Apps এর মাধ্যমে ভার্চুয়াল প্লাটফর্মে আয়োজন করার বিষয়ে উপস্থিত সকলেই একমত পোষণ করেন। এজন্য দেশের প্রখ্যাত ক্বারী, শিল্পী ও কবিদের তালিকা প্রস্তুত করে মহাপরিচালক এর অনুমোদন গ্রহণের পরামর্শ প্রদান করা হয় । আগারগাওস্থ স্টুডিওতে লাইভ সম্প্রচার এবং প্রয়োজনবোধে রেকর্ড করার বিষয়ে সভায় ঐক্যমত প্রতিষ্ঠিত হয়। বায়তুল মোকাররম জাতীয় মসজিদের সম্মেলন কক্ষে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সীমিত সংখ্যক দর্শকের উপস্থিতিতে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শনের অভিমত ব্যক্ত করা হয়।

৭।  **ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে প্রতিযোগিতার আয়োজন :**

কওমী ও আলীয়া মাদরাসা এবং স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা Zoom Apps এর মাধ্যমে আয়োজন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে বিচারকবৃন্দ অবস্থান করে বিচার কাজ সম্পাদন করার অভিমত ব্যক্ত করা হয়। এজন্য দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রতিযোগীদের অংশগ্রহণের বিষয়ে অবহিত করা হবে মর্মে আলোচনা হয়।

(চলমান পৃ:/৩)

৮। **আরবীতে খুৎবা লেখা প্রতিযোগিতা আয়োজন :**

মদিনা সনদের আওতায় পরিবার, সমাজ, রাষ্ট্র ইত্যাদি ক্ষেত্রে উদ্ভূত সামাজিক সমস্যার সমাধানে পবিত্র কুরআন ও সুন্নাহর আলোকে জুমু'আর নামাজের খুৎবা প্রদানের বিষয়ে বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসায় অধ্যায়নরত নবীন ছাত্র/আলেমদের নিকট থেকে আরবীতে লেখা খুৎবা আহবান করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয় এবং প্রতিযোগিতা বাস্তবায়নের বিষয়ে একমত পোষণ করেন। এজন্য দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রতিযোগীদের অংশগ্রহণের বিষয়ে অবহিত করা হবে মর্মে আলোচনা হয়।

৯। **ইসলামী বই বিক্রয় গতিশীলকরণ :**

বর্তমান কোভিড-১৯ সংক্রমণ পরিস্থিতিতে মন্ত্রণালয়ের অনুমতি না পাওয়ায় এ বছর বই মেলার আয়োজন করা হবে না বিধায় ফাউন্ডেশনের বই বিক্রির কার্যক্রম বৃদ্ধির অব্যাহত রাখার লক্ষ্যে প্রকাশিত ও মজুদ বইয়ের তালিকা, বইয়ের মূল্য ও কমিশন প্রদানের বিষয়টি অন লাইনে এবং ইসলামিক ফাউন্ডেশনের ওয়েব সাইটে ব্যাপক প্রচারের বিষয়ে পরামর্শ প্রদান করেন।

১০। **পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযাপন উপলক্ষে স্মরণিকা প্রকাশ :**

এ বিষয়ে প্রকাশনা বিভাগের পরিচালক সভাকে অবহিত করেন যে, বিগত বছরে ন্যায় এবারও **''পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) স্মরণিকা''** প্রকাশ করা হবে । সভাপতি স্মরনিকায় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, প্রসিদ্ধ মাদ্রাসার মুহতামিম সহ প্রখ্যাত লেখকদের নিকট থেকে স্মরনিকার লেখা সংগ্রহের পরামর্শ দেন।

১১। **টুঙ্গীপাড়ায় জাতির পিতার সমাধি কমপ্লেক্সে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযাপন :**

ইমাম প্রশিক্ষণ একাডেমির পরিচালক বলেন যে, বিগত বছরগুলোর ন্যায় এবারও গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়ায় জাতির পিতার সমাধি কমপ্লেক্সে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে পবিত্র কুরআনখানি ও দোয়া মাহ্‌ফিলের আয়োজন করা যেতে পারে। এ প্রসংগে সভাপতি কোভিড-১৯ এর সংক্রমণ পরিস্থিতিতে আলোচনা সভা ও তবারক বিতরণ না করার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

১২। **অনুষ্ঠান ধারণ ও সামাজিক ও ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার ও সম্প্রসারণ :**

সভায় এ বিষয়ে BTV, News 24, Channel-24 সহ অন্যান্য Channel সাথে যোগাযোগ করার জন্য দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক এবং আইসিটি বিভাগের সহ-সম্পাদক জনাব মো: ফখরুল আলম-কে দায়িত্ব প্রদান করা হয় । সভাপতি মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্পের সকল সুপারভাইজারদেরকে Zoom Apps এ এবং শিক্ষকগণকে ফেসবুকে সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য মতামত ব্যক্ত করেন।

১৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| (১) | উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অংশগ্রহণের বিষয়ে সদয় নির্দেশনা ও অনুমোদনের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে। উদ্বোধনী অনুষ্ঠানের দাওয়াত কার্ডের মান আরো সমৃদ্ধ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতি পাওয়া গেলে ইমাম প্রশিক্ষণ একাডেমীর সম্মেলন কক্ষটিকে অনুষ্ঠানের উপযোগী করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |

(চলমান পৃ:/৪)

| | | |
|---|---|---|
| (২) | দেশের অধিকতর অভিজ্ঞ ও প্রসিদ্ধ আলেমদের তালিকা প্রস্তুত করে মহানবীর (সা.) এর জীবন ভিত্তিক বিষয়ে তাঁদের ওয়াজ লাইভে Zoom Apps সহ Facebook ও Youtube এ প্রচার করা হবে। এছাড়া ইলেকট্রনিক মিডিয়ায় লাইভ/রেকর্ডেড ওয়াজ সম্প্রচারের বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে । অনুষ্ঠানের Promo তৈরি করে Face Book, YouTube এবং বিভিন্ন TV Channel এর মাধ্যমে প্রচার করতে হবে। আগারগাঁওস্থ স্টুডিওতে লাইভ সম্প্রচার এবং প্রয়োজনবোধে রেকর্ড করা হবে। বায়তুল মোকাররম জাতীয় মসজিদের সম্মেলন কক্ষে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সীমিত সংখ্যক দর্শকের উপস্থিতিতে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করা হবে। মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্পের সকল সুপারভাইজারদেরকে Zoom Apps এ এবং শিক্ষকগণকে ফেসবুকে সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| (৩) | পূর্বের ন্যায় বাংলাদেশ বেতারের সাথে যৌথভাবে সাত দিন ব্যাপী সেমিনার বায়তুল মোকাররম জাতীয় মসজিদের সম্মেলন কক্ষে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সীমিত সংখ্যক দর্শকের উপস্থিতিতে অনুষ্ঠান ধারণ করতঃ বাংলাদেশ বেতারে সম্প্রচারের উদ্যোগ নিতে হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| (৪) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরী উদযাপন উপলক্ষে যথারীতি ক্বিরাত মাহ্ফিল, হাম-নাত মাহ্ফিল ও স্বরচিত কবিতা পাঠের আসর Zoom Apps এর মাধ্যমে ভার্চুয়াল প্লাটফর্মে আয়োজন করা হবে। এজন্য দেশের প্রখ্যাত ক্বারী, শিল্পী ও কবিদের তালিকা প্রস্তুত করে মহাপরিচালক এর অনুমোদন গ্রহণ করতে হবে । আগারগাওস্থ স্টুডিওতে লাইভ সম্প্রচার এবং প্রয়োজনবোধে রেকর্ড করা হবে। বায়তুল মোকাররম জাতীয় মসজিদের সম্মেলন কক্ষে সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি অনুসরণ করে সীমিত সংখ্যক দর্শকের উপস্থিতিতে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করা হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| (৫) | কওমী ও আলীয়া মাদরাসা এবং স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা Zoom Apps এর মাধ্যমে আয়োজন করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয় । আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে বিচারকবৃন্দ অবস্থান করে বিচারকাজ সম্পাদন করার অভিমত ব্যক্ত করা হয়। এজন্য দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রতিযোগীদের অংশগ্রহণের বিষয়ে অবহিত করা হবে। | সংশ্লিষ্ট কমিটি |
| (৬) | মদিনা সনদের আওতায় পরিবার, সমাজ, রাষ্ট্র ইত্যাদি ক্ষেত্রে উদ্ভূত সামাজিক সমস্যার সমাধানে পবিত্র কুরআন ও সুন্নাহর আলোকে জুমু'আর নামাজের খুৎবা প্রদানের বিষয়ে বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসায় অধ্যায়নরত নবীন ছাত্র/আলেমদের নিকট থেকে আরবীতে লেখা খুৎবা লিখন প্রতিযোগিতা আয়োজন করা হবে। এজন্য দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে প্রতিযোগীদের অংশগ্রহণের বিষয়ে অবহিত করা হবে। | সংশ্লিষ্ট কমিটি |

(চলমান পৃ:/৫)

| | | |
|---|---|---|
| (৭) | বর্তমান কোভিড-১৯ সংক্রমণ পরিস্থিতিতে বই মেলার আয়োজন করা হবে না বিধায় ফাউন্ডেশনের বই বিক্রির কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে প্রকাশিত ও মজুদ বইয়ের তালিকা, বইয়ের মূল্য ও কমিশন প্রদানের বিষয়টি অনলাইনে এবং ইসলামিক ফাউন্ডেশনের ওয়েব সাইটে ব্যাপক প্রচারের বিষয়ে পরামর্শ দেন। | পরিচলক (প্রকাশনা) |
| (৮) | বিগত বছরগুলোর ন্যায় এবারও **"পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) স্মরণিকা"** প্রকাশ করা হবে । স্মরনিকায় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, প্রসিদ্ধ মাদ্রাসার মুহতামিম সহ প্রখ্যাত লেখকদের নিকট থেকে লেখা প্রকাশ করতে হবে। গত বছরের চেয়ে সংখ্যা কমিয়ে ১৫০০ কপি স্মরণিকা, ৫০০টি দাওয়াত কার্ড (খামসহ), ২ হাজার কপি অনুষ্ঠানসূচি মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করা হবে। স্মরণিকার ৫০০ কপি অপসেট কাগজে এবং ১০০০ কপি বসুন্ধরা/কর্ণফুলী কাগজে ছাপা হবে। স্মরণিকা সৌজন্য হিসেবে মাননীয় মন্ত্রী, সংসদ সদস্য, মেয়র, সকল সচিব, বিভিন্ন সংস্থার প্রধান, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিতরণ করা হবে। জেলা পর্যায়ের কর্মকর্তাদের নিকট ইসলামিক ফাউন্ডেশনের জেলা কার্যালয়ের উপ-পরিচালকদের মাধ্যমে বিতরণ করা হবে। স্মরণিকায় প্রকাশের জন্য বিভিন্ন প্রতিষ্ঠান থেকে বিজ্ঞাপন সংগ্রহ করতে হবে। এজন্য সংগ্রহকারীকে পূর্বের ন্যায় ৩০% কমিশন দেয়া হবে। | পরিচলক (প্রকাশনা) প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস |
| (৯) | বিগত বছরগুলোর ন্যায় এবারও গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়ায় জাতির পিতার সমাধি কমপ্লেক্সে পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে পবিত্র কুরআনখানি ও দোয়া মাহ্ফিলের আয়োজন করা হবে। কোভিড-১৯ এর সংক্রমণ পরিস্থিতিতে আলোচনা সভা ও তবারক বিতরণ করা হবে না । | উপপরিচালক ইসলামিক ফাউন্ডেশন গোপালগঞ্জ |
| (১০) | BTV, News 24, Channel-24 সহ অন্যান্য ইলেকট্রনিক মিডিয়ার সাথে যোগাযোগ করার জন্য দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক এবং আইসিটি বিভাগের সহ-সম্পাদক জনাব মোঃ ফখরুল আলম-কে দায়িত্ব প্রদান করা হয় । | পরিচালক দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ বিভাগ |
| (১১) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও এবং বায়তুল মুকাররম জাতীয় মসজিদের তিন দিকে ৩টিসহ মোট ৪টি গেইট তৈরি এবং অনুষ্ঠানের ব্যানার স্থাপন করা হবে। | পরিচালক দীনি দাওয়াত ও সংস্কৃতি |
| (১২) | **পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উপলক্ষে জেলা/ উপজেলায়** বর্তমান কোভিড-১৯ এর প্রতিরোধকল্পে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি মেনে এবং সমন্বয় বিভাগের দিক নির্দেশনা ও বরাদ্দ অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হবে । | পরিচালক সমন্বয় বিভাগ |
| (১৩) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযাপন অনুষ্ঠানে সংশ্লিষ্ট ওয়ায়েজিন, প্রতিযোগিতার বিচারক ও অন্যান্য কলা-কুশলীদের অন্যান্য সরকারি প্রতিষ্ঠান যেমন: বাংলা একাডেমি, শিশু একাডেমি, শিল্পকলা একাডেমী এবং জাতীয় যাদুঘরের সাথে সামঞ্জস্য রেখে সম্মানী প্রদান করা হবে। | পরিচালক অর্থ ও হিসাব বিভাগ |
| (১৪) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযাপন উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানমালা প্রচার ও প্রসারের জন্য ২ (দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় (বাংলাদেশ প্রতিদিন, দৈনিক ইত্তেফাক অথবা দৈনিক যুগান্তর) বিজ্ঞাপন প্রকাশের ব্যবস্থা গ্রহণ করা হবে। | সহকারী জনসংযোগ কর্মকর্তা |

(চলমান পৃ:/৬)

| | | |
|---|---|---|
| (১৫) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা) উদযাপন উপলক্ষে পক্ষকালব্যাপি অনুষ্ঠানমালা চলাকালীন সময়ের ১০ দিন পূর্ব হতে অনুষ্ঠান শেষ হওয়া পর্যন্ত দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের পরিচালক এর তত্ত্বাবধানে একটি গাড়ী সার্বক্ষণিক ব্যবহারের জন্য প্রদান করা হবে। | উপ-সচিব ইসলামিক ফাউন্ডেশন |
| (১৬) | সংবাদপত্রে ক্রোড়পত্র প্রকাশের বিষয়ে সহকারী জনসংযোগ কর্মকর্তা মহাপরিচালক-এর সাথে আলোচনাক্রমে ব্যবস্থা গ্রহণ করবেন। | সহকারী জন-সংযোগ কর্মকর্তা |
| (১৭) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযানের সার্বিক ব্যয় নির্বাহের জন্য অর্থ ও হিসাব বিভাগের পরামর্শ অনুযায়ী বাজেট বরাদ্দের মধ্যে সীমিত রাখতে হবে। প্রত্যেক কাজে গঠিত উপ কমিটির আহবায়ক, সদস্য , সদয়-সচিব এবং দায়িত্বপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তাদের নামে উক্ত টাকা অগ্রিম প্রদান করা হবে। দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের সংশ্লিষ্ট কমিটি উপ কমিটির আহবায়ক উক্ত টাকা অগ্রিম গ্রহণ/প্রদানের প্রস্তাব করতে পারবেন। | আহ্বায়ক সকল উপকমিটি |
| (১৮) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরী উদযাপনের জন্য নিম্নবর্ণিত একটি মূল কমিটি ও কয়েকটি উপ-কমিটি গঠন করা হলো। তবে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় পরিচালক মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপ-কমিটি গঠনপূর্বক/ সদস্য কো-অপ্ট করে কর্ম সম্পাদন করবেন। | আহ্বায়ক সকল উপকমিটি |

**(ক) মূল কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ইসলামিক ফাউন্ডেশন | আহবায়ক |
| ২. | প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্প | সদস্য |
| ৩. | প্রকল্প পরিচালক, ৫৬০টি মডেল মসজিদ স্থাপন প্রকল্প | সদস্য |
| ৪. | সচিব, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৫. | পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৬. | পরিচালক, প্রকাশনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৭. | পরিচালক, সমন্বয় বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ৮. | পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ৯. | প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস। | সদস্য |
| ১০. | পরিচালক, কেন্দ্রীয় লাইব্রেরি, ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ১১. | পরিচালক, গবেষণা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ১২. | পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৩. | পরিচালক, বিশ্বকোষ বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৪. | পরিচালক, ইসলামিক মিশন, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৫. | পরিচালক, অডিট সেল, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৬. | পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ১৭. | প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম | সদস্য |
| ১৮. | জনাব মোঃ জিয়াউর রহমান , উপ সচিব , ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ১৯. | পরিচালক (চঃ দাঃ), আইসিটি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ২০. | প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ২১. | পরিচালক(চঃ দাঃ), যাকাত তহবিল বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ২২. | প্রকল্প পরিচালক, ইসলামিক মিশন কমপ্লেক্স নির্মাণ প্রকল্প। | সদস্য |
| ২৩. | প্রকল্প পরিচালক, হাওড় প্রকল্প | সদস্য |
| ২৫. | পরিচালক (চ.দা.), দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ | সদস্য-সচিব |

(চলমান পৃ:/৭)

| | | |
|---|---|---|
| **(খ) উদ্বোধনী অনুষ্ঠানের প্রস্তুতি ও ব্যবস্থাপনা উপকমিটি** | | |
| ১. | প্রকল্প পরিচালক, ৫৬০টি মডেল মসজিদ স্থাপন প্রকল্প | আহবায়ক |
| ২. | পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৩. | পরিচালক, প্রকাশনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৪. | পরিচালক, সমন্বয় বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য |
| ৫. | পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৬. | পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৭. | পরিচালক, অডিট সেল, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৮. | পরিচালক (চ.দা.), দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ | সদস্য |
| ৯. | জনাব মোঃ জিয়াউর রহমান , উপ সচিব , ইসলামিক ফাউন্ডেশন। | সদস্য-সচিব |
| **(গ) ওয়াজ মাহফিল, ক্বিরাত মাহফিল হামদ নাত মাহফিল ও স্বরচিত কবিতা মাহফিল উপ-কমিটি** | | |
| ১. | প্রকল্প পরিচালক, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা প্রকল্প | আহবায়ক |
| ২. | পরিচালক,দ্বীনী দাওয়াত ও সংস্কৃতিক বিভাগ | সদস্য |
| ৩. | মুফতী, গবেষণা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৪. | মুহাদ্দিস, গবেষণা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৫. | মুফাসসির, গবেষণা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৬. | সহ-সম্পাদক,আইসিটি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৭. | পরিচালক, গবেষণা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য-সচিব |
| **(ঘ) বাংলাদেশ বেতারের সাথে ৭ দিন ব্যাপী যৌথ সেমিনার অনুষ্ঠান ধারণ ও সম্প্রচার উপ-কমিটি** | | |
| ১. | পরিচালক,সমন্বয়, মসজিদ ও মার্কেট, ইসলামিক ফাউন্ডেশন | আহবায়ক |
| ২. | পরিচালক (চঃদাঃ) দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ৩. | উপ পরিচালক, মসজিদ ও মার্কেট বিভাগ | সদস্য |
| ৪. | সহকারী পরিচালক, ইমাম প্রশিক্ষণ একাডেমী | সদস্য |
| ৫. | উপ-পরিচালক (চ.দা.) , দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ | সদস্য সচিব |
| **(ঙ) Zoom Apps এর মাধ্যমে শিক্ষার্থীদের প্রতিযোগিতা ও খুতবা লিখন উপ-কমিটি** | | |
| ১. | পরিচালক, অনুবাদ ও সংকলন বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | আহবায়ক |
| ২. | পরিচালক, পরিকল্পনা বিভাগ | সদস্য |
| ৩. | পরিচালক , দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ | সদস্য |
| ৪. | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান , উপ পরিচালক, মউশিক প্রকল্প | সদস্য |
| ৫. | জনাব মোঃ মশিয়ূর রহমান ভূইয়া, সহকারী পরিচালক, প্রশাসন বিভাগ | সদস্য |
| ৬. | জনাব মোঃ সাইফুল ইসলাম, সহকারী পরিচালক, মউশিক প্রকল্প | সদস্য |
| ৭. | জনাব এস এম আনিসুর রহমান , উপ পরিচালক, মার্কেট শাখা | সদস্য |
| ৮. | মিসেস সিরাজুম মুনিরা, মহিলা কোঅর্ডিনেটর | সদস্য |
| ৭. | ড. মোঃ আবু সালেহ পাটায়োরী, মুফাসসির, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য-সচিব |
| **(চ) স্মরনিকা প্রকাশ উপ-কমিটি** | | |
| ১. | পরিচালক, প্রকাশনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | আহবায়ক |
| ২. | ড. মোঃ হারুন অর রশিদ, পরিচালক (চঃদাঃ), যাকাত তহবিল | সদস্য |
| ৩. | ড. মুশতাক আহমদ, সম্পাদক, অনুবাদ ও সংকলন বিভাগ | সদস্য |
| ৪. | জনাব আনোয়ার কবির, সম্পাদক, অগ্রপথিক, প্রকাশনা বিভাগ | সদস্য |
| ৫. | জনাব মোঃ নিজাম উদ্দিন , উপ পরিচালক, সমন্বয় বিভাগ | সদস্য |
| ৬. | সহকারী প্রেস ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস | সদস্য |
| ৭. | জনাব মোঃ ইয়াসিন মিয়া, সহকারী সম্পাদক, প্রকাশনা বিভাগ | সদস্য |
| ৮. | শায়লা শারমিন, সহকারী জনসংযোগ কর্মকর্তা | সদস্য |
| ৯. | ড. আবদুল জলীল, সম্পাদক, প্রকাশনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য-সচিব |

(চলমান পৃ:/৮)

| | | | |
|---|---|---|---|
| | (ছ) | দাওয়াত কার্ড তৈরি, মেহমানদের তালিকা তৈরি ও বিতরণ উপ-কমিটি | |
| | ১. | জনাব মো: আবুল কালাম, প্রকল্প ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস। | আহবায়ক |
| | ২. | জনাব মোঃ হারেস সিনহা, উপ-পরিচালক, ঢাকা বিভাগীয় কার্যালয়, ইফা | সদস্য |
| | ৩. | জনাব মো: আবু বকর সিদ্দিক, উপ-প্রকল্প পরিচালক (অর্থ) মউশিক, ইফা | সদস্য |
| | ৪. | জনাব মো: মোসাদ্দিকুল আলম, সহকারী পরিচালক (পার্সো), প্রশাসন বিভাগ, | সদস্য |
| | ৫. | জনাব মো: মনির হোসাইন, উচ্চমান সহকারী,দ্বীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ | সদস্য |
| | ৬. | জনাব মোঃ জসিম উদ্দিন,সহকারী ব্যবস্থাপক, ইসলামিক ফাউন্ডেশন প্রেস | সদস্য-সচিব |

| | | |
|---|---|---|
| (১৯) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদযাপন উপলক্ষে নিম্নলিখিত ব্যয় বিভাজন অনুমোদন করা হলো | পরিচালক অর্থ ও হিসাব |

| ক্রম. | কাজের বিবরণ | সম্ভাব্য ব্যয় |
|---|---|---|
| ক. | বায়তুল মুকাররম জাতীয় মসজিদের মিলনায়তন সু-সজ্জিত করা ও আগারগাঁও স্টুডিও কক্ষ অনুষ্ঠান উপযোগীকরণ (আলোক সজ্জা, ব্যাকগ্রাউন্ড ডিজাইন মসজিদের নক্শার আদলে উন্নীতকরণ এবং অন্যান্য সংস্কার কাজ) | ৬০,০০০/- |
| খ. | বায়তুল মুকাররম জাতীয় মসজিদের পূর্ব, উত্তর ও দক্ষিণ দিকে মনোরম ৩ টি গেট তৈরি ও আগারগাঁও ০১টি গেইটসহ মোট ০৪টি গেইট স্থাপন বাবদ ব্যয় | ৪০,০০০/- |
| গ. | **উদ্বোধনী অনুষ্ঠান ব্যয় :** ডিজিটাল ব্যানার কাঠের ফ্রেমসহ , শর্ট ফেস্টুন, লং ফেস্টুন তৈরি, ভিআইপি আপ্যায়ন, অতিথি সম্মানী, ইন্টারনেট চার্জ ইত্যাদি ব্যয় (মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতি প্রাপ্তিতে) | ৪,০০,০০০/- |
| ঘ. | মেহমানদের তালিকা প্রস্তুত ও দাওয়াত কার্ড বিতরণ (৫০০টি ) | ৫,০০০/- |
| ঙ. | বাংলাদেশ বেতারের সাথে যৌথ অনুষ্ঠান- ৭দিন, প্রতিদিন ১৬,০০০/-টাকা হারে এবং রেডিও কলা-কুশলী ৭ দিন প্রতিদিন ২,০০০/-টাকা হারে মোট ব্যয় | ১,২৬,০০০/- |
| চ. | ওয়ায়েজ সম্মানী (ঢাকা, ১৩ দিন ২ জন করে ২৬ জন উৎস করসহ = ৫,০০০/- | ১,৩০,০০০/- |
| ছ. | ওয়াজের পূর্বে কুরআন তিলাওয়াত ও হামদ-নাত শিল্পী সম্মানী দুই পর্বে (১৫দিন, প্রতিদিন ১জন ক্বারী, ১ জন হাম-নাত শিল্পী,প্রতিদিন ২জন ১,৫০০/-) | ৪৫,০০০/- |
| জ. | ক্বিরআত মাহফিল ক্বারী সম্মানী (৩৫ জন ২০০০/- উৎস করসহ) নবীন শিল্পী ১৫ জন ও প্রবীনশিল্পী ২০ জন | ৬৫,০০০/- |
| ঝ. | নবীন-প্রবীন শিল্পিদের নিয়ে মনোজ্ঞ হামদ-নাদ ও গজল পরিবেশন(অনুষ্ঠান ব্যয়) | ৭৫,০০০/- |
| ঞ. | নবীজীর শানে স্বরচিত কবিতা পাঠের আসর (২০ জন ২০০০/-ভ্যাটসহ) | ৪০,০০০/- |
| ট. | ডিজিটাল ব্যানার (রেডিও সেমিনারের ৭টি+ ওয়াজ মাহফিল- ১৩টি+সাংস্কৃতিক প্রতিযোগিতা -২টি+হামদ-নাত মাহফিল-১টি+ক্বিরাত মাহফিল ১টি+গেইট ৪টি+সমাপনী অনুষ্ঠান-১টিসহ সর্বমোট ৩০টি, প্রতিটি ব্যানার ১৫০০/-) | ৪৫,০০০/- |
| ঠ. | ঈদে মিলাদুন্নবী (সা.) স্মরনিকা প্রকাশ ১৫০০ কপি, ৫০০টি দাওয়াত কার্ড ও ৩ হাজার অনুষ্ঠানসূচি মুদ্রণ | ১,৫০,০০০/- |
| ড. | ছাত্র-ছাত্রীদের নিয়ে ইসলামী সাংস্কৃতিক প্রতিযোগিতা ও খুৎবা প্রতিযোগিতা। | ৩,০০,০০০/- |
| ঢ. | উদ্বোধনী অনুষ্ঠানের বিজ্ঞাপন ও সাংস্কৃতিক প্রতিযোগিতার বিজ্ঞাপন প্রকাশ-২টি জাতীয় দৈনিক পত্রিকায় | ৫০,০০০/- |
| ণ. | গোপালগঞ্জে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে মিলাদ ও দোয়া মাহফিল | ৩০,০০০/- |
| ত. | অনুষ্ঠান গণমাধ্যমে প্রচার ব্যয়, যোগাযোগ, ছবি প্রিন্ট, সিডি, অডিও, ভিডিও | ২,০০,০০০/- |
| থ. | উদ্বোধনী অনুষ্ঠানের আপ্যায়ন সকল অনুষ্ঠানের মেহমানদের আপ্যায়ন ব্যয় | ৩০,০০০/- |
| দ. | স্মরণিকা সম্পাদনা ও লেখক সম্মানী | ৬০,০০০/- |
| ধ. | ৬৪ জেলা কার্যালয়ে স্মরণিকা প্রেরণ, ডাক খরচ ও যাবতীয় ব্যয় | ১০,০০০/- |
| ন. | কম্পিউটার ও ফটোকপিয়ারের টোনার ৩টি ক্রয় | ১২,০০০/- |
| প. | ক্রোকারিজ, অফিস স্টেশনারী ক্রয় ও বিবিধ ব্যয় | ২০,০০০/- |

(চলমান পৃ:/৯)

| | | |
|---|---|---|
| ফ. | দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগের ০৭ জন কর্মকর্তা-কর্মচারীদের ছুটির দিনসহ ১৩ দিন অতিরিক্ত দায়িত্ব পালনের সম্মানি বাবদ। প্রতিদিন কর্মকর্তা ৮০০/-টাকা হারে, তৃতীয় শ্রেণি কর্মচারি ৬০০/-টাকা হারে এবং চতুর্থ শ্রেণি কর্মচারি ৪০০/-টাকা হারে প্রাপ্য হবেন) (২০,৮০০/-+২৩,৪০০/-+১০,৪০০/-) | ৫৪,৬০০/- |
| ব. | বিবিধ (প্রস্তুতিমূলক সভা, উদ্বোধনী, সমাপনী অনুষ্ঠানে এপস ও ডাটা ক্রয় অন্যান্য অত্যাবশ্যকীয় জরুরি ব্যয় নির্বাহের জন্য) | ৫০,০০০/- |
| | **কথায় : (উনিশ লক্ষ সাতানব্বই হাজার ছয়শত) টাকা** মোট : | **১৯,৯৭,৬০০/-** |

| | | |
|---|---|---|
| (২০) | পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) ১৪৪২ হিজরি উদ্যাপন উপলক্ষে যাবতীয় কাজের ব্যয় মিটানোর জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত বিভাগ/কর্মকর্তা অগ্রিম গ্রহণ করবেন এবং কার্যনির্বাহ করবেন। গৃহীত অগ্রিম অনুষ্ঠানশেষে এক মাসের মধ্যে সমন্বয় করবেন। | আহ্বায়ক<br>সকল উপকমিটি |

১৮। অতঃপর আলোচ্যসূচিতে অন্য কোন বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**আনিস মাহমুদ**
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
ইসলামিক ফাউন্ডেশন

সূত্র নং ১৬.০১.০০০০.০০৭.৩২.০০২.২০.৩২ তারিখঃ ০৭.১০.২০২০ খ্রি.

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

১। সচিব, ইসলামিক ফাউন্ডেশন।
২। পরিচালক, ....................................................বিভাগ/উপসচিব, ইসলামিক ফাউন্ডেশন।
৩। আহবায়ক/ সদস্য-সচিব/সদস্য, ........................................ উপ-কমিটি।
৪। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ..............................জেলা কার্যালয়।
৫। একান্ত সচিব, মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতি জন্য)।
৬। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

মো: আনিছুর রহমান সরকার
পরিচালক (চ.দা.)
দীনী দাওয়াত ও সংস্কৃতি বিভাগ